

Asian Reinsurance Corporation Ordinance, 1978 (Ordinance No. XXVII of 1978)
রহিতক্রমে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু Asian Reinsurance Corporation প্রতিষ্ঠা সংক্রান্ত চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে Asian Reinsurance Corporation Ordinance, 1978 রহিতক্রমে উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;
সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন	<p>১। (১) এই আইন এশিয়ান রি-ইন্স্যুরেন্স কর্পোরেশন আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।</p> <p>(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।</p>
সংজ্ঞা	<p>২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-</p> <p>(১) “কর্পোরেশন” অর্থ Agreement Establishing the Asian Reinsurance Corporation দ্বারা প্রতিষ্ঠিত এশিয়ান রি-ইন্স্যুরেন্স কর্পোরেশন;</p> <p>(২) “চুক্তিপত্র” অর্থ এশিয়ান রি-ইন্স্যুরেন্স কর্পোরেশন প্রতিষ্ঠার চুক্তিপত্র সময় সময় কৃত সংশোধনীসহ; এবং</p> <p>(৩) “তফসিল” অর্থ এই আইনের তফসিল।</p>
আর্থিক বিধানাবলী	<p>৩। (১) চুক্তিপত্রের অনুচ্ছেদ ৩ এর বিধানাবলী মোতাবেক, সরকার কর্তৃক, কর্পোরেশনের মূলধন স্টকের শেয়ার বাবদ চাঁদা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।</p> <p>(২) চুক্তিপত্রের অনুচ্ছেদ ৩ এর বিধানাবলী মোতাবেক মূলধন স্টক ক্রয়ের জন্য যদি সাধারণ বীমা কর্পোরেশন অংশগ্রহণ করে তাহা হইলে কর্পোরেশন হইতে প্রাপ্ত মূলধন স্টকের চাঁদার বিপরীতে অর্জিত অর্থ হইতে উহাকে আনুপাতিক হারে পরিশোধ করিতে হইবে।</p>
আইনের কার্যকারিতা সম্বলিত চুক্তিপত্রের কতিপয় ধারা	<p>৪। (১) অন্য কোন আইনে, ভিন্নরূপ যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, তফসিলে বর্ণিত চুক্তিপত্রের বিধানাবলী এই আইনের অবিচ্ছেদ্য অংশ হিসাবে বাংলাদেশে কার্যকর থাকিবে।</p> <p>(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।</p>

**চুক্তিপত্রের
বাধ্যবাধকতা,
দায়িত্ব পালন,
ইত্যাদি**

৫। সরকার, চুক্তি মোতাবেক কর্পোরেশনকে আর্থিক বাধ্যবাধকতা এবং অন্যান্য দায়িত্ব পালনে সক্ষম করিবার জন্য যে ধরনের পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ প্রয়োজনীয় মনে করিবে, সেই সকল ধরনের পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**বিধি প্রণয়নের
ক্ষমতা**

৬। সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বিধি প্রণয়ন করিতে পারিবে।

**আইনের ইংরেজি
পাঠ**

৭। (১) এই আইন প্রবর্তনের পর সরকার, যথাশীঘ্র সম্ভব, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের একটি নির্ভরযোগ্য ইংরেজি অনূদিত পাঠ প্রকাশ করিবে।

(২) এই আইন ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই আইন প্রাধান্য পাইবে।

**রহিতকরণ ও
হেফাজত**

৮। (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Asian Reinsurance Corporation Ordinance, 1978 (Ordinance No. XXVII of 1978), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Ordinance এর অধীন জারিকৃত প্রজ্ঞাপন, প্রদত্ত আদেশ, নির্দেশ, অনুমোদন, সুপারিশ, গৃহীত সকল পরিকল্পনা বা কার্যক্রম, অনুমোদিত সকল বাজেট ও প্রদত্ত চাঁদা এবং কৃত সকল কাজকর্ম এই আইনের কোন বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে এই আইনের অনুরূপ বিধানের অধীন জারিকৃত, প্রদত্ত, অনুমোদিত, গৃহীত এবং কৃত বলিয়া গণ্য হইবে।